বাংলা | Bengali

# NYC ভ্রমণকারীদের জন্য উপভোক্তা সুরক্ষা নির্দেশিকা

আপনি বিনোদন, অবস্থান, কেনাকাটা, বা ভ্রমণের উদ্দেশ্যে যেভাবেই NYC-তে এসে থাকুন না কেন, উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) আপনার সুরক্ষায় কাজ করে।

**যদি কোনো ব্যবসায় আপনার কোনো সমস্যা হয়, তাহলে আপনি সহায়তা পাওয়ার জন্য** তা অবিলম্বে রিপোর্ট করুন। রিপোর্ট করার সময় অবশ্যই রসিদসহ প্রাসঙ্গিক সব নথিপত্রের অনুলিপি প্রদান করুন।

আরও তথ্যের জন্য **nyc.gov/dcwp** ওয়েবসাইট দেখুন অথবা **311** নম্বরে কল করুন।

## ব্যবসায় আমরা লাইসেন্স প্রদান করি

### ইলেক্ট্রনিক্স

- অর্থ প্রদানের আগে স্টোরে প্রদর্শিত ফেরত পলিসি দেখে নিন।
- পণ্যগুলি ব্যবহার বা সংস্কার করা হয়নি এবং আপনি যেখানে থাকেন সেখানে কাজ করবে তা নিশ্চিত করার জন্য পণ্যগুলি ভালোভাবে পরীক্ষা করুন।
- আপনার প্রয়োজন নেই এমন অতিরিক্ত ওয়ারেন্টি কেনা এড়িয়ে চলুন।
- বিস্তারিত বিবরণসহ রসিদ সংগ্রহ করুন এবং তাতে কোনো গোপন ফি বা অতিরিক্ত চার্জ যোগ করা হয়েছে কিনা তা ভালোভাবে যাচাই করুন।
- আপনার যদি পণ্যগুলি ফেরত দেওয়ার প্রয়োজন হয় তবে বাক্স এবং মূল প্যাকেজিং রাখুন।

### হোটেল

- আপনি যে ভাড়ায় বুকিং করেছিলেন আপনাকে ঠিক সেই ভাড়াই পরিশোধ করতে হবে। বুকিং করার সময় যদি অন্তর্ভুক্ত না থাকে, তাহলে হোটেলে চেক-ইন করার সময় "ডেস্টিনেশন ফি," "রিসোর্ট ফি," বা অন্যান্য পরিষেবা-সংক্রান্ত অতিরিক্ত ফি যোগ করা যাবে না। এটি তৃতীয় পক্ষের বুকিং সাইটগুলির মাধ্যমে সংরক্ষণের ক্ষেত্রে প্রযোজ্য।
- আপনার অবস্থানের ওপর প্রভাব ফেলতে পারে এমন পরিষেবা বিঘ্ন সম্পর্কে হোটেল কর্তৃপক্ষকে আপনাকে অবহিত করতে হবে এবং এ ধরনের পরিস্থিতিতে আপনাকে কোনো জরিমানা ছাড়াই বুকিং বাতিল করার সুযোগ দিতে হবে। পরিষেবা বিঘ্নের মধ্যে ধর্মঘট, নির্মাণকাজ, অথবা সুইমিং পুলের মতো সুযোগ-সুবিধা বন্ধ থাকা অন্তর্ভুক্ত।
- হোটেলে অবশ্যই সার্বক্ষণিক ফ্রন্ট ডেস্ক পরিষেবা থাকতে হবে। বড় হোটেলগুলোতেও একজন অতিরিক্ত নিরাপত্তারক্ষী থাকতে হবে।

### পেডিক্যাব

- যাত্রা শুরু করার আগে প্রদর্শিত ভাড়ার হার দেখে নিন। ভাড়া অবশ্যই প্রতি মিনিটের ভিত্তিতে টাইমার ব্যবহার করে গণনা করতে হবে।
- পেডিক্যাব চালকরা ট্যাক্স আরোপ করতে পারবেন না, অতিরিক্ত যাত্রীর জন্য ভাড়া বাড়াতে পারবেন না, অথবা অন্য কোনো অতিরিক্ত ফি যোগ করতে পারবেন না। তাদের অবশ্যই আপনাকে একটি পেডিক্যাব তথ্য কার্ড দিতে হবে।

### পাবলিক পার্কিং গ্যারেজ এবং লট

- প্রতিটি প্রবেশপথে প্রদর্শিত ভাড়ার হার সংক্রান্ত সাইনবোর্ড দেখে নিন।
- যদি ব্যবসাগুলি সপ্তাহের নির্দিষ্ট দিনগুলোতে বা বিশেষ উপলক্ষে ভিন্ন ভাড়া নির্ধারণ করে, তাহলে সেই ভাড়াগুলো অবশ্যই নিয়মিত ভাড়ার সাইনবোর্ডের ঠিক নিচে অথবা নিয়মিত ভাড়ার সাইনবোর্ডের পাশে পৃথক সাইনবোর্ডে স্পষ্টভাবে প্রদর্শন করতে হবে।
- ব্যবসাগুলি হঠাৎ করে ভাড়ার হার পরিবর্তন করতে পারে না। ভাড়ার হার পরিবর্তনের আগে তাদের অবশ্যই DCWP-কে অবহিত করতে হবে এবং গ্রাহকদের জন্য তারিখ ও সময়-উল্লেখিত একটি নোটিশ কমপক্ষে 60 দিন ধরে প্রদর্শন করতে হবে তারপরই নতুন ভাড়া কার্যকর করা যাবে।
- পার্কিং করার আগে ভাড়ার হার নিশ্চিত করুন, আপনার যানবাহন গ্রহণের টিকিটে উল্লেখিত সময় দেখে নিন, এবং রসিদ সংরক্ষণ করুন।

NYC Consumer and Worker Protection

# ব্যবসায় আমরা লাইসেন্স প্রদান করি *(অব্যাহত)*

## সাইটসি ইং গাইড এবং বাস

- সকল গাইডকে অবশ্যই তাদের DCWP লাইসেন্স দৃশ্যমানভাবে পরিধান করতে হবে। এর মধ্যে হাঁটা ভ্রমণ, বাস ভ্রমণ এবং নৌভ্রমণ পরিচালনাকারী গাইডরাও অন্তর্ভুক্ত।
- বাস পরিচালনাকারীদের অবশ্যই বাসের প্রবেশপথে ভাড়ার হার প্রদর্শন করতে হবে এবং যাত্রীদের বসার স্থান থেকেও তা সহজে দৃশ্যমান হতে হবে।
- অবশ্যই রসিদ সংগ্রহ করুন।
  - » গাইডের প্রদত্ত রসিদে নিম্নলিখিত তথ্য থাকতে হবে বা ভ্রমণ সংস্থার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর; DCWP লাইসেন্স নম্বর; টিকিট কেনার তারিখ; ক্রয়কৃত নির্দিষ্ট ভ্রমণ পরিষেবার বিবরণ; এবং মোট মূল্য।
  - » বাসের রসিদেভাড়ার পরিমাণ অন্তর্ভুক্ত থাকতে হবে; ভ্রমণের বিবরণ বা সংখ্যা; এবং কোম্পানির DCWP লাইসেন্স নম্বর।

## টিকিট বিক্রেতা

- অনুষ্ঠান ও দর্শনীয় স্থানের টিকিট বিক্রির উদ্দেশ্যে রাস্তায় আপনার কাছে আসা সকল টিকিট বিক্রেতাকে অবশ্যই তাদের DCWP লাইসেন্স দৃশ্যমানভাবে পরিধান করতে হবে।
- টিকিট বিক্রেতারা আক্রমণাত্মক আচরণ করতে পারবেন না অথবা ইচ্ছাকৃতভাবে আপনাকে স্পর্শ করতে পারবেন না।
- **Statue of Liberty এবং Ellis Island পরিদর্শনের জন্য শুধুমাত্র Statue City Cruises-এর কাছ থেকেই টিকিট কিনুন।** অন্য কেউ আইনগতভাবে এসব টিকিট বিক্রি করতে পারবে না।
- **Staten Island Ferry সর্বদা বিনামূল্যে।** Staten Island Ferry-এর টিকিট কোনো টিকিট বিক্রেতার কাছ থেকে কিনবেন না।

# প্রতারণামূলক অনুশীলনগুলি আমরা নিয়ন্ত্রণ করি

## দাম প্রদর্শন

- ব্যবসাগুলিকে অবশ্যই যেখানে আপনি অর্ডার করেন অথবা যেখানে পণ্য প্রদর্শিত হয় সেখানে পণ্যের দাম স্পষ্টভাবে প্রদর্শন করতে হবে। আপনি যদি দেখতে না পান তবে একটি দামের তালিকা দেখাতে বলুন।
- আপনাকে যে দাম পরিশোধ করতে হবে তা প্রদর্শিত দামের চেয়ে বেশি হতে পারবে না প্রদর্শিত দামে পণ্যের ক্রেডিট কার্ডে পরিশোধের মূল্য এবং নগদে পরিশোধের মূল্য উভয়ই উল্লেখ থাকতে হবে।
- ব্যবসাগুলি রেজিস্টারে ক্রেডিট কার্ড সারচার্জ যুক্ত করতে পারে না।

## রেস্টুরেন্ট সারচার্জ

- মেন্যুতে প্রদর্শিত মূল্যই বিল পরিশোধের সময় চূড়ান্ত মূল্য হিসেবে প্রতিফলিত হওয়া উচিত।
- রেস্তোরাঁগুলো শুধুমাত্র নির্দিষ্ট পরিষেবা সংক্রান্ত চার্জ বা বাধ্যতামূলক ফি আরোপ করতে পারবে যদি সেগুলো মেন্যু বা বিজ্ঞপ্তিতে স্পষ্টভাবে উল্লেখ করা থাকে।
  - » গ্রহণযোগ্য পরিষেবা চার্জগুলির মধ্যে রয়েছে: খাবার ভাগ করে নেওয়ার জন্য চার্জ, ব্যক্তি প্রতি সর্বনিম্ন চার্জ।
  - » গ্রহণযোগ্য প্রয়োজনীয় ফি: লেবার চুক্তির কারণে কর্মীদের জন্য আরোপিত অতিরিক্ত চার্জ।

## মিথ্যা বিজ্ঞাপন

- বিজ্ঞাপনে বিক্রয় করা পণ্যের নাম, বিবরণ এবং প্রযোজ্য যেকোনো শর্ত বা সীমাবদ্ধতা স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- "বেইট অ্যান্ড সুইচ" ধরনের বিজ্ঞাপন যেখানে ক্রেতাকে ছাড় বা সাশ্রয়ের প্রতিশ্রুতি দেওয়া হয় কিন্তু স্টোরে গেলে সেই সুবিধা বাস্তবে পাওয়া যায় না, অবৈধ।

### রাস্তার পরিবেশকদের সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য

পর্যটকদের ভিড় বেশি থাকে এমন এলাকাগুলোতে প্রায়ই পোশাক পরিহিত পরিবেশক বা সঙ্গীতশিল্পীদের দেখা যায়। তারা টিপের জন্য আপনার কাছে যেতে পারে। আপনি যদি তাদের শো দেখে থাকুন বা তাদের ছবি তুলে থাকুন না কেন, তাদের অর্থ প্রদান করা আপনার জন্য বাধ্যতামূলক নয়। যদি আপনার মনে হয় যে আপনাকে হয়রানি করা হচ্ছে তাহলে নিকটস্থ কোনো পুলিশ কর্মকর্তার সাহায্য নিন অথবা 911 নম্বরে কল করুন।

NYC Consumer and Worker Protection